

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তর
(চিকিৎসা ও পুনর্বাসন অধিশাখা)
সুরক্ষা সেবা বিভাগ
স্বরাষ্ট্র মন্ত্রণালয়
৪১, সেগুনবাগিচা, ঢাকা-১০০০।
Website: www.dnc.gov.bd

নং- ৫৮.০২.০০০০.০০৮.১৮.০২৭.১৬- ৯

তারিখঃ ০৫/০২/২০২৪

অফিস আদেশ

মাদকদ্রব্য নিয়ন্ত্রণ আইন, ২০১৮ (সংশোধিত-২০২০) এর “ক” “খ” ও “গ” তপশিলে বিভিন্ন মাদকদ্রব্য উল্লিখিত রয়েছে। এসকল মাদকদ্রব্য দ্বারা উৎপাদিত ঔষধসমূহ চিকিৎসা কাজে ব্যবহারের জন্য মাদকদ্রব্য নিয়ন্ত্রণ বিধিমালা, ১৯৯৯ এর বিধি ৬(৭) ও ৮(২) অনুযায়ী অধিদপ্তর হতে ফার্মেসী ও হাসপাতাল/ক্লিনিকসমূহের অনুকূলে যথাক্রমে মাদকদ্রব্য খুচরা বিক্রয় ও মাদকদ্রব্য ব্যবহারের পারমিট প্রদান করা হচ্ছে। বর্ণিত আইনে উল্লিখিত মাদকদ্রব্য দ্বারা উৎপাদিত ঔষধসমূহের অবৈধ ব্যবসা ও অপব্যবহার রোধকল্পে মাদকদ্রব্য খুচরা বিক্রয় ও মাদকদ্রব্য ব্যবহার এর পারমিটপ্রাপ্ত প্রতিষ্ঠানসমূহ ইস্যুকৃত লাইসেন্স/পারমিটের শর্ত পরিপালন করছে কিনা তা নিয়মিত তদারকি করা প্রয়োজন।

সেলক্ষ্যে মাদকদ্রব্য দ্বারা উৎপাদিত ঔষধসমূহের অবৈধ ব্যবসা ও অপব্যবহার রোধকল্পে অধিদপ্তর হতে ফার্মেসী ও হাসপাতাল/ক্লিনিকসমূহের অনুকূলে প্রদত্ত মাদকদ্রব্য খুচরা বিক্রয় ও মাদকদ্রব্য ব্যবহারের পারমিট প্রদানকৃত প্রতিষ্ঠানসমূহ মাঠ পর্যায়ের কর্মকর্তাগণের নিয়মিত পরিদর্শনের জন্য মাসিক নূন্যতম পরিদর্শন প্রমাপ নিম্নরূপভাবে নির্ধারণ করা হলোঃ

পরিদর্শন প্রমাপ

বিভাগের নাম	অতিরিক্ত পরিচালক		উপপরিচালক (মেট্রো/জেলা কার্যালয়)		সহকারী পরিচালক (মেট্রো/জেলা কার্যালয়)	
	খুচরা বিক্রয়ের লাইসেন্স (ফার্মেসী)	ব্যবহারের পারমিট (হাসপাতাল/ ক্লিনিক)	খুচরা বিক্রয়ের লাইসেন্স (ফার্মেসী)	ব্যবহারের পারমিট (হাসপাতাল/ ক্লিনিক)	খুচরা বিক্রয়ের লাইসেন্স (ফার্মেসী)	ব্যবহারের পারমিট (হাসপাতাল/ ক্লিনিক)
ঢাকা বিভাগ	২	৩	২	৩	১	২
চট্টগ্রাম বিভাগ	২	৩	১	২	১	২
রাজশাহী বিভাগ	২	২	২	২	১	২
খুলনা বিভাগ	২	২	১	২	১	২
বরিশাল বিভাগ	১	২	১	২	১	২
সিলেট বিভাগ	১	১	১	২	১	২
ময়মনসিংহ বিভাগ	১	২	১	২	১	২
রংপুর বিভাগ	২	২	১	২	১	২

-অপর পৃঃ দ্রঃ-

০২। যেসকল জেলা/মেট্রোঃ কার্যালয়ে মাদকদ্রব্য খুচরা বিক্রয় লাইসেন্স ও মাদকদ্রব্য ব্যবহারের পারমিট রয়েছে সেসকল জেলা/মেট্রোঃ কার্যালয়ের উপপরিচালক/সহকারী পরিচালকগণ উপরোক্ত প্রমাপ অনুযায়ী বর্ণিত লাইসেন্সধারী প্রতিষ্ঠানসমূহ পরিদর্শন করে প্রতিবেদন সংশ্লিষ্ট অতিরিক্ত পরিচালক বরাবর প্রেরণ করবেন এবং অতিরিক্ত পরিচালকগণ তাঁর নিজের পরিদর্শন প্রতিবেদনসহ জেলা/মেট্রোঃ কার্যালয় হতে প্রাপ্ত প্রতিবেদন একীভূত করে পরবর্তী মাসের ০৫ তারিখের মধ্যে প্রধান কার্যালয়ে প্রেরণ নিশ্চিত করবেন।

০৩। জনস্বার্থে এ আদেশ জারী করা হলো।



(মুত্তাকীম বিল্লাহ ফারুকী)
মহাপরিচালক
ফোনঃ ০২-২২৬৬৬৪৪০০

নং- ৫৮.০২.০০০০.০০৮.১৮.০২৭.১৬- ০২

তারিখঃ ৫/২/২০২৪

সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরণ করা হলোঃ

- ১। পরিচালক (প্রশাসন/অপারেশনস/নিরোধ শিক্ষা/চিকিৎসা ও পুনর্বাসন) মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তর, প্রধান কার্যালয়, ঢাকা।
- ২। অতিরিক্ত পরিচালক, মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তর, বিভাগীয় কার্যালয়, ঢাকা/চট্টগ্রাম/রাজশাহী/খুলনা/সিলেট/বরিশাল/রংপুর/ময়মনসিংহ/গোয়েন্দা শাখা।
- ৩। উপ পরিচালক/সহকারী পরিচালক, মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তর, মেট্রোঃ/ জেলা কার্যালয়
.....~~.....~~.....
- ৪। প্রোগ্রামার, মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তর, প্রধান কার্যালয়, ঢাকা (অফিস আদেশটি অধিদপ্তরের ওয়েব সাইটে প্রকাশের অনুরোধসহ)।
- ৫। মহাপরিচালক, মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তর এর স্টাফ অফিসার(মহাপরিচালক মহোদয়ের সদয় অবগতির জন্য)।
- ৬। অতিরিক্ত মহাপরিচালক, মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তর এর ব্যক্তিগত সহকারী (অতিরিক্ত মহাপরিচালক মহোদয়ের সদয় অবগতির জন্য)।
- ৭। অফিস কপি/মাস্টার ফাইল।


০৫.২.২০২৪
(মোঃ মাসুদ হোসেন)
পরিচালক (চিকিৎসা ও পুনর্বাসন)